AN EASY WAY TO LEARN ENGLISH

MAKE ENGLISH YOUR LAP-DOG

SUDHAMAY BALA

AN EASY WAY TO LEARN ENGLISH

Sudhamay Bala *M.A*

Ex–Interpreter. Red Cross

Published by :

CHATURBHUJ PUSTAKALAYA

66/1B, Baithakkhana Road
(Paper Market).
Kolkata-700 009

First Edition : 14th April 2004
Fifteenth Edition : 1st January 2009
Current Edition : January 2014

Price Rs. : 50 only

CONTENTS

Topic	Page
Tense, Present Indefinite Tense	5
Present Continuous Tense	7
Present Perfect Tense	8
Present Perfect Continuous Tense	9
Past Indefinite Tense	10
Past Continuous Tense	11
Past PerfectTense	12
Past Perfect Continuous Tense	13
Future Indefinite Tense	14
Future Continuous Tense, Future Perfect Tense	15
Future Perfect Continuous Tense	16
Tense in Chart	17
Use of Verb in Tense	18
Conjugation of Verbs	19
Punctuation	21
Use of Degree	24
Adverb	25
Conjunction	26
Parts of Speech	28
Introductory "It" & "There"	29
Voice Change	31
Essential Chart for Voice Change	35
Narration/report	36
Modal Auxiliary	40
Infinitive	44
Application of "ABLE TO"	48
Auxiliary Verb	49
Need	50
Must	53
Dare	54
Causative Sentence	55
Conditional Sentences	57
Use of Participle	58
Subjunctive Mood	60
Ues of Correlatives	61
Application of 'Seem' and 'Likely'	66
Letter/Notice/Report/Paragraph/Essay/Biography/Precis	72
Chart/Table of letter Writing	72
Notice	75
Report	76
Letter and Application Writing	76
Report-Model an Auto accident	83
Notice board (chart/model)	84
Paragraph	85
Essay, Biography Model	86
Precis Writing	87
Single Word	93
Adding Process of "ING"	96
Not Friend of Verbs	97
50 Function of a Verb	98
Phrasal Verbs/Group Verbs	100
Some Common Errors of English Language	104
Adjectives into Nouns, Some Latin Adjectives	112

ভূমিকা

পরিবর্তিত পৃথিবীর প্রেক্ষাপটে ইংরাজী ভাষায় ভাল অভিজ্ঞতা না থাকলে কর্ম জীবনের পথে প্রবেশ করা অসম্ভব। সাধারণ শিক্ষার্থীরা এটা জানে এবং ইংরাজী শিখতেও চায়। যে দুর্বোধ্য কারণে তারা শিখতে পারে না তা হ'লো, মাথামোটা শিক্ষা পদ্ধতি। আমরা কম্পিউটারের যুগে বাস করছি অথচ আমাদের শিক্ষা পদ্ধতি সেই বৃটিশ আমলের। পাশাপাশি English Medium School গুলো নিত্য নতুন পদ্ধতিতে শিক্ষা দিয়ে ছাত্রছাত্রীদের যুগোপযোগী করে তুলতে আপ্রাণ চেষ্টা চালায়। অথচ সেই সুযোগ নেবার মত সুবিধা সবার থাকে না। বাংলা মাধ্যমের ছাত্র হয়েও ইংরাজী ভাষার মায়ায় পড়ে কিছু অতিরিক্ত পড়াশুনা ও পরবর্তী জীবনে বহু বিদেশীর সাথে দোভাষীর কাজ করে এই ভাষাটাকে খুব সামান্য হলেও জানবার সুযোগ হয়েছে। সেই অভিজ্ঞতা থেকে আমি মনে প্রাণে বিশ্বাস করি, ইংরাজী শেখা কঠিন নয়—শেখানো কঠিন। যে পদ্ধতি শিক্ষার্থীর কাছে সব থেকে সহজ এবং আনন্দ দায়ক সেই পদ্ধতির শিক্ষাই স্বার্থক। সেই কথা মাথায় রেখে শুধু একটা বিশেষ শ্রেণী নয়—আপামর বাংলাভাষী শিক্ষার্থীদের জন্য এই প্রয়াস।

যাঁর ঐকান্তিক প্রচেষ্টা ছাড়া এ বই পৃথিবীর আলো দেখতে পেত না সেই শ্রী কালীপদ সাহা মহাশয়ের প্রতি শ্রদ্ধা রেখে শিক্ষার্থী, শিক্ষক, বুদ্ধিজীবি এবং সমস্ত ইংরাজী প্রিয় মানুষের কাজে হার্দিক অনুরোধ, অনিচ্ছাকৃত কোন ত্রুটি যদি থাকে যেন ধরিয়ে দেন। তাঁদের সবার উপদেশ সাদরে গৃহীত হবে এবং পরবর্তী সংস্করণে সংশোধন করার সুযোগ থেকে যেন বঞ্চিত না হই।

বনগ্রাম
১২ই এপ্রিল ২০০৪।

সুধাময় বালা

ACKNOWLEDGEMENTS

SOME OF THE A[illegible]THORITIES CON[illegible]LTED

1. A DICTIONARY OF [illegible] NGLISH LANGUAGE. BY Dr SAMUEL JO[illegible]ON A. M.
2. THE COLUMBIAN DICTIONARY OF THE ENGLISH LANGUAGE. BY CALEB ALEXANDER.
3. A COMPENDIUS DICTIONARY OF ENGLISH LANGUAGE.

   BY NOAH WEBSTER
4. THE AMERICAN DICTIONARY OF THE ENGLISH LANGUAGE. BY NOAH WEBSTER & G. F. MAHN.
5. OXFORD ENGLISH DICTIONARY. BY JAMES AUGUSTUS HENRY MURRAY.
6. THE KING'S ENGL[illegible]SH. BY FOWLER
7. ENGLISH GRAMMAR SERIES. BY J.C. NESFIELD.
8. TWENTIETH CENTURY DICTIONARY. BY CHAMBERS.
9. THOMSONS & MARTINET. OXFORD GUIDE TO ENGLISH GRAMMAR (2001 EDN.)
10. THE RANDOM HOUSE DICTIONARY OF ENGLISH LANGUAGE.
11. TEST OF ENGLI[illegible] AS FORIEGN LANGUAGE (TOEFL) AMERICAN CENTR[illegible]
12. OXFORD GUIDE TO ENGLISH GRAM[illegible] BY JOHN EAST WOOD (2003 EDN.)

TENSE
ক্রিয়ার কাল/সময়

লেখাপড়া, খেলাধূলা
আরো যত কাজ
সময়টাকে **Tense** বলে
জেনো যুবরাজ
English Grammar-এ
Tense তিন রকম হয়।
প্রেজেন্ট, ফিউচার
আর পাস্ট তারে কয়।

ক্রিয়া সম্পন্ন হওয়ার সময়কে Tense বা ক্রিয়ার কাল বলে। অর্থাৎ কোন কাজ কখন হয়, হচ্ছে, হয়েছিল বা হবে তাকেই Tense বলে।

(1) Present Tense বর্তমানে যা হয়।
(2) Past Tense অতীতে যা হয়েছিল।
(3) Future Tense ভবিষ্যৎ কালে যা হবে।

PRESENT INDEFINITE TENSE
সাধারণ বর্তমান কাল

আমি পড়ি, তুমি যাও
এসো মধুমিতা,
রবি কাকা, খায় ধোকা
গান গায় তোতা।
যত সব কাজ আর
অভ্যাস বোঝালে,
প্রেজেন্ট ইনডেফিনিট
তাহাকেই বলে।
রূপান্তরে তুমি, আমি
বেশী লোক বাদে,
ক্রিয়ার শেষে **s** বা
es দিতে হবে।

বর্তমান কালে কোন কাজ যদি সাধারণভাবে ঘটে, যদি অভ্যাস বা চিরসত্য প্রকাশ পায় এবং ঐতিহাসিক সত্য ঘটনার ক্ষেত্রে Present Indefinite Tense বলে। কর্তা যদি Third person singular number হয়, শুধুমাত্র সেই ক্ষেত্রে ক্রিয়ার শেষে s বা es যোগ করতে হয়।

Affirmative Sentence :

(Sub + Verb + Object + Remaining)

শাওন প্রতিদিন স্কুলে যায়। —Shaon goes to school everyday.
সূর্য পূর্বদিকে ওঠে। —The sun rises in the east.
অশোক কলিঙ্গ আক্রমণ করেন। —Ashok attacks Kallinga.
তুতুল একজন ভাল ছাত্র। —Tutul is a good student.*

* ***NOTE :*** বাক্যে কোন ক্রিয়াপদ না থাকলে সাহায্যকারী Verb—am/ is/ are ব্যবহৃত হয়।

Negative Sentence : (যায় না, খেলে না, পড়ে না ইত্যাদি)

(Sub + do/does not + verb + obj + R)

প্রিয়াঙ্কা প্রতিদিন স্কুলে যায় না। —Priyanka does not go to school daily.
রাখাল বালক বই পড়ে না। —Cowboy does not read book.
আমি দুষ্টুমি করি না। —I do not make naughtiness.
নীলা সাতার জানে না। —Neela does not know swimming.
or, Neela does not know how to swim.

NOTE : Negative বাক্যে do verb আনতে হয়।

Interrogative Sentence (করে? ধরে?)

(Wh + do/does + sub + verb + Obj + R)

তুমি প্রতিদিন কোথায় যাও? —Where do you go daily ?
অনামিকা কেন পড়তে যায় না? —Why does not Anamika go to read?
তোমরা কি এখানে আস? —Do you come here?

NOTE : Wh শব্দ না থাকলে do/does দিয়ে বাক্য শুরু করতে হয়।
Wh-word = Why (কেন), What (কি), What for (কি জন্য), When (কখন), Where (কোথায়), Which (কোনটি), Whom (কাকে) ইত্যাদি।

PRESENT CONTINUOUS TENSE
ঘটমান বর্তমান কাল

ক্রিয়া শেষে তেছি তেছ
যদি লেখা থাকে
"Present continuous"
জানবে তুমি তাকে।
আমি থাকলে **am** হয়
Is একজনে
তুমি থাকলে **are** হয়
আর বেশী জনে।
ক্রিয়া শেষে **ing**
যোগ করতে হয়
পড়াশুনা করলে তবে
আরো জানা যায়।

Affirmative Sentence : (তেছি, তেছ, তেছে ইত্যাদি)

(Sub + am / is / are + Verb + ing + Obj + R)

সাগরিকা মাংস রান্না করিতেছে। —Sagarika is cooking meat.

শিকারী বন্দুকে তাক করছে। —The hunter is aiming the gun.

বুল্টি স্কুলে যাচ্ছে। —Bulty is going to school.

* রানী স্বপ্ন দেখিতেছে—Rani dreams a dream.

* আমি আশা করিতেছি—I hope.

NOTE : বাংলা বাক্যে স্বপ্ন দেখিতেছি, আশা করিতেছি এই জাতীয় প্রয়োগ থাকলেও ইংরাজীতে এর প্রয়োগ হয় না। স্বপ্ন দেখা, আশা করা জাতীয় বাক্য Present Indefinite Tense-এ করতে হয়।

Interrogative Sentence (প্রশ্নবোধক বাক্য)

Interrogative Sentence-এ auxiliary/be verb am/is/are বসে। Wh-word থাকলে Formation-টি হবে।

(Wh-word + am / is / are + Sub + Verb + ing + R)

অনামিকা কোথায় যাচ্ছে? —Where is Anamika going ?

আঁখি কেন কাঁদছে? —Why is Ankhi crying ?

তুমি কেন পড়ছো না? —Why are you not reading ?

NOTE : (i) Interrogative-এ not কথাটি noun-এর আগে কিন্তু Pronoun-এর পরে বসে। (ii) Love, hate, taste, hear, see, smell, like, want, hope এই জাতীয় অনুভূতিপূর্ণ Verb গুলির Present Continuous form হয় না।

PRESENT PERFECT TENSE
পুরাঘটিত বর্তমান কাল

কাজ হয়ে গেছে
কিন্তু ফল বর্তমান,
Present Perfect Tense
তারই নাম।
আমি থাকলে **have** বসে
তুমিতেও তাই,
একের বেশী বাদ দিয়ে
Has বসিয়ে যাই।
Verb যা থাকে তার,
Past Participle হয়,
যদি দেখি ক্রিয়ার শেষে
আছি আছ রয়।

Affirmative Sentence :

(Sub + have / has + V. P. P. + Obj + R)

সুখেন্দু বাবু তোমার চিঠি পেয়েছেন। —Sukhendu Babu has received your letter.

আমার বন্ধু বাড়ি গেছেন। —My friend has gone home.

তোমরা ম্যাচ জিতেছ। —You have won the match.

NOTE : মনে রাখতে হবে home একটা Sp. Adv. তাই home কথাটির আগে কখনো to বসে না।

Negative Sentence : না বোধক বাক্য

(Sub + have not / has not + V. P. P. + Obj + R)

নায়িকা এই ছবিতে নাচেনি। —The heroin has not danced in this film.

সাহিত্যিক তার লেখা শেষ করেন নি। —The writer has not completed his writing.
আজ তুমি স্কুলে যাওনি। —You have not gone to school today.

Interrogative Sentence : প্রশ্নবোধক বাক্য
(Wh + have / has + Sub + V. P. P. + Obj + R)

সুদেবী কি বাজারে গেছে? —Has Sudevi gone to market?
তুতুল বইটা কোথায় হারিয়েছে? —Where has Tutul lost the book?
প্রিয়াঙ্কা কোন্ বিষয়ে ফেল করেছে?—Which subject has Priyanka failed ?
জেলেরা কি মাছ ধরতে গেছে? —Have the fishermen gone to catch fish ?

PRESENT PERFECT CONTINUOUS TENSE
পুরাঘটমান বর্তমান কাল

সকাল থেকে পড়ছি বসে—
পড়ছি একমনে।
Perfect Continuous
বলবো এটা জেনে।
Have been, has been
বসাতেই হবে।
ক্রিয়ার শেষ **ing**
যোগ করে দেবে।

Affirmative Sentence : হ্যাঁ বোধক বাক্য
(Sub + have been / has been + V-ing + Obj + R)

শাওন সকাল থেকে বই পড়ছে। —Shaon has been reading book since morning
বুল্টিরা সকাল ৭টা থেকে খেলছে। —Bulty and others have been playing from 7 a.m.
রাম একমাস জ্বরে ভুগছে। —Ram has been suffering from fever for one month.

Negative Sentence : না বোধক বাক্য

(Sub + have / has not been + V-ing + obj + R)

গত পরশুদিন থেকে শেফালী রান্না করছে না। —Shefaly has not been cooking since day before yesterday.

আনন্দ এক সপ্তাহ খেলছে না। —Ananda has not been playing for a week.

ইমিতা এখন আর অনুশীলন করছে না। —Imita has not been practising now more.

Interrogative Sentence : প্রশ্নবোধক বাক্য

(Wh + have / has + Sub + been + V-ing + R)

জগন্ময় সকাল থেকে কেন খেলছে? —Why has Jaganmaya been playing since morning ?

বাচ্চাটি কেন এতক্ষণ কাঁদছে? —Why has the baby been crying for a long time

NOTE : (i) বাক্যে যদি /হইতে* থাকে তাহলে From এবং /ধরিয়া* থাকলে for বসাতে হবে। (ii) নির্দিষ্ট সময়—From, অনির্দিষ্ট সময়—Since এবং সময় ধরে—For বসে।

PAST INDEFINITE TENSE
সাধারণ অতীত কাল

তুমি যখন এসেছিলে
কোথায় ছিলাম আমি,
Past Indefinite Tense হয়—
এমন থাকলে জানি।
রূপান্তরে ক্রিয়াটির
Past form হয়
ক্রিয়া শেষে যদি দেখি
ছিলাম, ছিল রয়।

Affirmative Sentence : হ্যাঁ বোধক বাক্য

(Sub + Verb-এর Past form + Obj + R)

সাগর আমাদের বাড়িতে এসেছিলো। —Sagar came to our home.

রাকেশ রকেটে চড়ে মহাকাশে গিয়েছিলেন। —Rakesh went to the space with a rocket.
তিনি প্রত্যহ এখানে আসতেন। —He used to come here daily.*
রাবণ খুব ভাল রাজা ছিলেন। —Ravana was a good king.*
এ দেশে এক রাজা বাস করতেন। —A king lived in this country.*
তিনি সবসময় ছাতা বহন করতেন।--He always carried an umbrella.*
NOTE : (i) অভ্যাস বোঝালে used to কথাটি বসাতে হয় এবং মূল verb Present form হয়। (ii) কোন মূল verb না থাকলে was/were বসে বাক্য অনুসারে a, an, the article বসাতে হয়। (iii) Past habit বোঝালেও সেই ক্ষেত্রে simple past tense-এর অনুরূপ করতে হয়।

Negative Sentence : না বোধক বাক্য
(Sub + did not + Verb + Obj + R)

তিনি গত পরশু অফিস যাননি। —He did not go to office day before yesterday.
লোকটি সকালে ভাত খায়নি। —The man did not eat rice in the morning.
আমি গতকাল বাজারে যাইনি। —I did not go to market yesterday.

Interrogative Sentence : প্রশ্নবোধক বাক্য
(Wh + Did + Sub + Verb + Obj + R)

রাম গতকাল কোথায় গিয়েছিল ?—Where did Ram go yesterday?
তুমি কাল কেন আসনি ? —Why did you not come yesterday?
নিখিল কি চোরটিকে মেরেছিল ? —Did Nikhil beat the thief?

PAST CONTINUOUS TENSE
ঘটমান অতীত কাল

তুমি তখন যাইতেছিলে
আসতে ছিলাম আমি,
Past Continuous
জানবে এমন শুনি।
Were হবে তুমি থাকলে
আর বেশী জনে

আমি থাকলে **was** হবে
আর একজনে
ক্রিয়ার শেষে **ing**
ভুলো নাকো ভাই
অনেক কথার মাঝে আমি
এটা বলি তাই।

Affirmative Sentence :

(Sub + was / were + V-ing + Obj + R)

আমি স্কুলে যাইতেছিলাম। —I was going to school.
তুমি সেখানে কথা বলছিলে। —You were telling there.
আমি বাড়ি ফিরছিলাম। —I was returning home.

Negative Sentence : না বোধক বাক্য

(Sub + was / were not + V-ing + Obj + R)

আমি কথা বলছিলাম না। —I was not talking
ছেলেরা বই পড়ছিলো না। —Boys were not reading books.
কানু হাসছিলো না। —Kanu was not laughing.

Interrogative Sentence : প্রশ্নবোধক বাক্য

(Wh + was / were + sub + V-ing + Obj + R)

তুমি কোথায় যাচ্ছিলে? —Where were you going ?
রাম কেন যুদ্ধ করছিলো? —Why was Ram fighting ?
তুমি কী বই পড়ছিলে? —What book were you reading ?

PAST PERFECT TENSE
পুরাঘটিত অতীত কাল

অতীতকালে দুটো কাজ
একসাথে ঘটে,
Past Perfect Tense
সেটা জানবেই বটে।
যে কাজটা আগে হয়
Had তার সাথে,
মূল ক্রিয়া **Participle**
দিবে তার সাথে

পরে যেটা ঘটে
তার **Past form** হয়।
এ কথাটা জানলে
তুমি জিতবে নিশ্চয়।

অতীত সময়ে দুটি কাজ একসাথে হওয়ার মধ্যে যে কাজটা অধিকতর আগে হয়েছিল সেটি Past Perfect Tense এবং পরের কাজটি Simple Past Tense হয়।

[Sub + had + Verb (participle) before + sub + Verb + (past form)]

আমরা ষ্টেশনে পৌঁছিবার আগেই ট্রেনটি ছেড়ে গেল। —The train had left the station before we reached.

ডাক্তার আসার আগেই রুগীটি মারা গেল। —The patient had died betore the doctor came.

আমি পৌঁছানোর আগেই সে চলে গিয়েছিলো। —He had left before I arrived.

(Sub + Verb-এর Past) after (Sub + had + V. P. P. + R)

ট্রেন ছেড়ে দেবার পর আমরা স্টেশনে পৌঁছলাম। —We reached the station after the train had left.

তোমরা পাশ করার পর আমি তোমাদের পুরস্কৃত করেছিলাম।
I rewarded you after you had passed the examination.

PAST PERFECT CONTINUOUS TENSE
পুরাঘটমান অতীত কাল

অতীতের কোন কাজ
সময় নিয়ে ঘটে,
Perfect Continuous Tense
জানবে তারে বটে।
ক্রিয়ার সাথে **ing**
যোগ করতে হয়,
তার আগে **had been**
বসাবে নিশ্চয়।

(Sub + had been + V-ing + obj + R)

তুমি তাকে ফোনে পেতে চেষ্টা করছিলে। —You had been trying to get her on the phone.

তিনদিন ধরে লোকটা সাইকেল চালাচ্ছিলো। —The man had been riding cycle for three days.
মেকানিক গাড়িটি মেরামত করছিলো না। —The mechanic had not been repairing the car.

FUTURE INDEFINITE TENSE
সাধারণ ভবিষ্যৎ কাল

শিখবো আমি পড়বে তুমি
পাশ করবে রানী।
Future Indefinite
বলে এদের জানি।
আমি আর আমরা থাকলে
Shall বসাতে হয়,
অন্য সব যায়গাতে
Will নিশ্চয়।

Affirmative Sentence : হ্যাঁ বোধক বাক্য
(Sub + shall / will + Verb + Obj + R)

আগামী পরশু আমি কলকাতায় যাবো। —I shall go to Kolkata day after tomorrow.
রবি মাধ্যমিক পরীক্ষা দেবে। —Rabi will sit in the Madhyamik Examination.
তুমি আমার অনুরোধ রাখবে। —You will keep my request.

Negative Sentence : না বোধক বাক্য
(Sub + Shall / will not + V. + R)

তোমরা গোলমাল করবে না। —You will not make a noise.
বাবা আজ বাড়ী আসবেন না।—Father will not come home today.

Interrogative Sentence : প্রশ্নবোধক বাক্য
(Wh + shall / will + sub + verb + R)

শচীন কেন আজ খেলবেন না? —Why will Sachin not play today?
কাল আপনি কোথায় যাবেন? —Where will you go tomorrow?

NOTE : সংকল্প বোঝালে shall-এর যায়গায় will এবং will-এর যায়গায় shall বসবে।

FUTURE CONTINUOUS TENSE
ঘটমান ভবিষ্যৎ কাল

ভবিষ্যতে কোন কাজ
চলতেই থাকবে,
Future Continuous
তাকেই বলবে।
Shall be, will be
হবেই বসাতে,
ক্রিয়া শেষে **ing**
যোগ করবে তাতে।

Affirmative Sentence : হ্যাঁ বোধক বাক্য
(Sub + shall / will be + V-ing + Obj + R)

প্রিয়াঙ্কা পড়তে থাকবে। —Priyanka will be reading.
শেফালী রান্না করতে থাকবে। —Shefaly will be cooking.
আমি লিখতে থাকবো। —I shall be writing.

Interrogative Sentence : প্রশ্নবোধক বাক্য
(Shall / will + Sub + be + V-ing + R)

প্রিয়াঙ্কা কি পড়তে থাকবে? —Will Priyanka be reading ?
তুমি কি খেলা করতে থাকবে? —Will you be playing ?
তিনি কি লিখতে থাকবেন? —Will he be writing ?

Negative Sentence : না বোধক বাক্য
(Sub + shall / will not + be + V-ing + R)

আমি কাজ করতে থাকবো না। —I shall not be doing work.
তুমি নাচতে থাকবে না। —You will not be dancing.

FUTURE PERFECT TENSE
পুরাঘটিত ভবিষ্যৎ কাল

ভবিষ্যতে দু'টো কাজ
এক সাথে হয়।
Future Perfect Tense
তাহারেই কয়।

Shall have, will have
লিখতে হবে যেমন
মূল **Verb-এর Past Participle**
করতে হবে তেমন।

(Sub + shall have / will have + verb Past participle) + (before + Sub + Verb Present)

আমার বাড়ী যাওয়ার আগেই তাঁরা আসবেন। —They will have come before we go home.
নীলা বলবার আগেই অনামিকা বলবে। —Anamika will have told before Neela tells.
তুমি আসার আগেই আমি কলকাতা যাব। —I shall have gone to Kolkata before you come.

FUTURE PERFECT CONTINUOUS TENSE
পুরাঘটমান ভবিষ্যৎ কাল

ভবিষ্যতে কোন কাজ
চলবে সময় ধরে।
Perfect Continuous
বলবে তুমি তারে।
Shall have been আর
Will have been
ক্রিয়া শেষে **ing**
বসবে নিশিদিন।

(Sub + Shall have been / will have been + Verb + ing) + (berore + Sub + Present Tense)

তুমি আসার আগে পর্যন্ত আমি তোমার অপেক্ষায় থাকবো। —I shall have been waiting for you before you come.
মা আসার আগে পর্যন্ত আমি পড়তে থাকবো। —I shall have been reading before mother comes.

VERB + ING যোগ করার নিয়ম

(i) যে সমস্ত verb-এর শেষে একটি মাত্র e থাকে তাহলে শেষের e উঠিয়ে ing যোগ করতে হয়।

Make + ing = Making.

Come + ing = Coming.

(ii) কিন্তু দুটো ee থাকলে ee + ing যোগ হয়।

See + ing = Seeing.

(iii) শেষে যদি ie থাকে তাহলে ie-এর বদলে y-এর সাথে ing যোগ করতে হয়। Die + ing = Dying.

Lie + ing = Lying.

(iv) শেষে Consonant তার আগে Vowel আবার তার আগে Consonant থাকলে শেষের Consonant-টি দ্বৈত বা Double হয়।

Run + ing = Running.

Beg + ing = Begging.

(v) শব্দের শেষে y থাকলে y + ing হয়।

Cry + ing = Crying.

Dry + ing = Drying.

TENSE IN CHART
ক্রিয়ার কাল-এর তালিকা

TENSE

PRESENT	PAST	FUTURE
বর্তমান	অতীত	ভবিষ্যৎ

INDEFINITE—সাধারণ
CONTINUOUS—ঘটমান
PERFECT—পুরাঘটিত
PERFECT CONTINUOUS—পুরাঘটমান

হয়েছিল	হচ্ছে	হবে
PAST	**PRESENT**	**FUTURE**
অতীত	বর্তমান	ভবিষ্যৎ
তুমি ছোট ছিলে	তুমি এখন যুবক	তুমি একদিন বৃদ্ধ হবে

USE OF VERB IN TENSE

	Indefinite	Continuous	Perect	Perfect Continuous
PRESENT	Verb + s বা es (আমি-তুমি এবং একের অধিক জন বাদে)।	আমি am, তুমি + একের বেশিতে-are এবং নাম ও এক জনে-is সাথে Verb + ing.	আমি, তুমি, একের অধিকে have বাকী সব ক্ষেত্রে has বসে এবং Verb-এর Past Participle,	আমি, তুমি ও বেশী ক্ষেত্রে have been ও বাকী ক্ষেত্রে has been এবং verb + ing হয়।
PAST	Verb-এর Past form.	আমি + একজন-এর ক্ষেত্রে was বাকীসব ক্ষেত্রে were এবং verb-এর সাথে ing যোগ হয়।	সব ক্ষেত্রেই Subject-এর পর had এবং Verb-এর Past Participle করতে হয়।	Subject- এর পর সব ক্ষেত্রেই had been এবং verb + ing হয়।
FUTURE	আমি এবং আমার ক্ষেত্রে shall বাকী সব ক্ষেত্রেই will বসাতে হয়।	আমি আমার ক্ষেত্রে shall be বাকী সব ক্ষেত্রে will be এবং verb + ing যোগ করতে হয়।	আমি এবং আমার ক্ষেত্রে shall have বাকী সব ক্ষেত্রেই will have এবং verb-এর Past Participle হয়।	আমি, আমার ক্ষেত্রে shall have been এবং বাকী ক্ষেত্রে will have been বসাতে হয়।

	PAST অতীত	PRESENT বর্তমান	FUTURE ভবিষ্যৎ
Indefinite সাধারণ	I wrote	I write	I shall write
Continuous ঘটমান	I was writing	I am writing	I shall be writing
Perfect পুরাঘটিত	I had written	I have written before you came	I shall have written berore you come
Perfect Continuous পুরাঘটমান	I had been writing	I have been writing	I shall have been writing

CONJUGATION OF VERBS
রূপগত পরিবর্তন

Strong verb/Irregular Verb-এর Past form ও Past Participle কেবলমাত্র ভিতরের Vowel-এর পরিবর্তন করে।

Weak verb/Regular Verb এই জাতীয় Verb-এর Present form-এর সাথে d, ed বা t যোগে Past ও Past Participle হয়।

Weak Verbs or Regular Verbs

Present participle	Present form	Past form	Past participle form
Appearing	appear	appeared	appeared
Boiling	boil	boiled	boiled
Hanging	hang	hanged	hanged

মূল Verb-এর শেষে e থাকলে শুধু d যোগ হয়

Present participle	Present form	Past form	Past participle form
Agreeing	agree	aggreed	agreed

Present participle	Present form	Past form	Past participle form
Caring Lying	care lie	cared lied	cared lied

According to modern English Grammar there is a system whose name is CVC system : ইংরাজী ভাষার বেশ কিছু শব্দের বানান বা spelling এই নিয়মে করলে কোন অবস্থাতেই ভুল হওয়ার সম্ভাবনা নেই। এই নিয়মে C কথাটার অর্থ Consonant, V কথার অর্থ Vowel এবং অন্য C কথাটাও Consonant. অর্থাৎ কোন শব্দের শেষ তিনটি অক্ষর বা বর্ণ যদি Consonant, Vowel ও Consonant থাকে তাহলে সেই শব্দের ing বা present participle করতে গেলে বা Past এবং Past participle করতে এবং Comparative ও Superlative Degree করতে গেলে শেষ বর্ণটা double বা দ্বৈত বর্ণ বসে।

Present participle	Present form	Past form	Past participle
Begging Cancelling Dropping	Beg cancel Drop	Begged Cancelled Dropped	Begged Cancelled Dropped

কিছু শব্দ আছে যায় শেষ 'y' থাকে। Past করার সময় y উঠে গিয়ে "ied" হয়।

Present participle	Present form	Past form	Past participle
Burying Crying Marrying	Bury Cry Marry	Buried Cried Married	Buried Cried Married

NOTE : কিন্তু শেষ বর্ণ "y" থাকলে ing বা Present participle করার সময় y-এর সাথে ing হয়।

কিছু Verb-এর Present, Past ও p. p. তে একই রূপ থাকে।

(1) Spread—ছড়ানো, (2) Burst—ফেটে যাওয়া, (3) Cut—

কাটা, (4) Put—রাখা, (5) Set—সৃজন করা, (6) Hit—আঘাত করা, (7) Shut—বন্ধ করা, (8) Read—পড়া, (9) Let—অনুমতি দেওয়া, (10) Hurt—আঘাত করা।

কিছু Verb আছে যার Present form-এ যাই থাক না কেন Past-এর শেষে "t" হয়।

Present participle	Present from	Past form	Past participle
Bending	Bend	Bent	Bent
Buying	Buy	Bought	Bought
Dealing	Deal	Dealt	Dealt

Strong Verbs বা Irregular Verb-এর ভিতরে শুধুমাত্র Vowel-এর পরিবর্তন হয়।

Present Participle	Present from	Past form	Past Participle
Abiding	Abide	Abode	Abode
Arising	Arise	Arose	Arose/Arisen
Bidding	Bid	Bade	Bid/Bidden

PUNCTUATION
যতিচিহ্ন

চলার পথে কেউ যখন
ডাকে আদর করে।
বলে, ও ভাই—
ডাকি তোমায়,
একটুখানি থামো;
'যতি চিহ্ন' নাম তার
তোমায় বলি শোন।

আমরা যখন কথা বলি বা লিখি তখন বলা অথবা লেখার মাঝে কিছু কিছু যায়গায় থামি—থামতে হয়। না হলে বাক্য বা Sentence-এর পার্থক্য মুছে গিয়ে পুরোপুরি অর্থহীন হয়ে পড়ে।

তাই কোন বাক্য বা Sentence-এর প্রকৃত অর্থ ভালভাবে বোঝাতে গিয়ে আমরা যেসব চিহ্ন ব্যবহার করি তাদের PUNCTUATION বা যতিচিহ্ন বলে।

বাক্যের অর্থ অর্থবোধক এবং সুন্দর করে বোঝাতে আমরা মোট 12-টি যতিচিহ্ন ব্যবহার করি।

[.] FULL STOP OR DOT (ফুল স্টপ বা ডট)

এটা হল পূর্ণ বিরতির চিহ্ন। বাক্যের শেষ বোঝাতে বাক্যের শেষে বসাতে হয়।

I am a Student. Behave like a man.

সংক্ষিপ্ত উপাধি বোঝাতেও full stop বা dot ব্যবহৃত হয়। যেমন—B. A, M. P, M. A, M. L. A ইত্যাদি।

[,] COMMA (কমা)

বাক্যের মাঝে অল্প সময়ের বিরতির জন্য comma ব্যবহার হয়।

Please, let me go now. Yes, you do it.

তারিখের ব্যবহারে—23rd January, 2004.

উদ্ধৃতি বোঝাতে—I do say, "I shall go."

কোন শর্তসহ adverb-এর ক্ষেত্রে—If it rains, Ram will not come.

যুক্ত শব্দকে পৃথক বোঝাতে—Rich and poor, high and low, must all die.

[;] SEMICOLON (সেমিকোলন)

বাক্যের মাঝে কমার চাইতে বেশী অথচ পূর্ণচ্ছেদ বা Fullstop-এর চাইতে কম বিরতির প্রয়োজনে অথবা যুক্ত বাক্যে এই চিহ্ন ব্যবহার হয়।

To err is human; to forgive devine.

The programme came to an end; and the singer was greeted heartly.

[:] COLON (কোলন)

কিছু কিছু ক্ষেত্রে বাক্যের মাঝে সেমিকোলনের চাইতে বেশী থামার প্রয়োজন হয়, সেই ক্ষেত্রে কোলন ব্যবহার হয়।

The duties are as follows :

Maintaining, distributing and canvasing.

You know Ananda Sen very well :
We read together in Bangladesh.

[!] EXCLAMATION MARK (এক্সক্লামেশন মার্ক)

আনন্দ, দুঃখ এবং বিস্ময় বোঝাতে— Alas ! you have lost everything.

[-] HYPHEN (হাইফেন)

সম্পর্কযুক্ত শব্দ গঠনে—Son-in-law.

লাইন অসম্পূর্ণ হলে—The teachers wanted to tac-
kle the situation.

[" "] INVERTED COMMAS (ইনভার্টেড কমা)

বাক্যের মধ্যে উদ্ধৃতি বোঝালে—"Who are you" the man asked.

বিশেষ কোন বই-এর নাম বোঝাতে—"Song offerings" is written by Rabindranath Tagore.

[( )] BRACKETS (ব্রাকেট)

কোন কিছু বিশেষভাবে বোঝাতে বা উল্লেখ করতে—I had to lose all in the compartment (2000/-Rupees).

[*] ASTERISK (অ্যাস্টারিস্ক)

কোন কিছুর প্রতি দৃষ্টি আকর্ষণ করতে—* Dear Students, attention please.

[?] NOTE OF INTERROGATION (নোট অব ইন্টারোগেশন)

কোন বিষয়ে প্রশ্ন করতে গেলে—Is it yours ? Have you got the money ?

['] APOSTROPHE COMMA (এপস্ট্রফি কমা)

একবচনে এর বোঝাতে ('s বসে)—This is Neela's book.

এছাড়া বহুবচনের ক্ষেত্রে s বা es-এর পরে বসে—Boys' school. Girls' playground.

[—] DASH (ড্যাশ)

বাক্যের অর্থ সম্পূর্ণ করতে—Priyanka is an ideal girl—perhaps the best.

অনেকগুলি একত্রে থাকলে—Friends, Companions, relatives—all deserted him.

বিশেষভাবে অর্থ প্রকাশ করতে—He has lost all—health wealth.

USE OF DEGREE

Degree অনুযায়ী Adjective-এর তিনটি রূপ আছে। যেমন—শাওনকে আমরা যখন /লম্বা* বলতে চাই তখন সেটা হচ্ছে তাকে সাধারণভাবে /লম্বা* বলা। সেই ক্ষেত্রে আমরা Positive Degree ব্যবহার করব। আবার যখন শাওনকে প্রিয়াঙ্কার সাথে তুলনা করে শাওনকে /বেশী লম্বা* বলতে চাই তখন সেটা হয় Comparative Degree। কিন্তু যখনই শাওনকে দুয়ের বেশী অর্থাৎ তিনজন বা তার বেশী মেয়ের সাথে /বেশী লম্বা* বলব তখন ব্যবহার করতে হবে Superlative Degree।

তাহলে আমরা এখানে পাচ্ছি—

(1) Positive Degree—সাধারণভাবে Adjective ব্যবহার করলে।
(2) Comparative Degree—দুই-এর মধ্যে তুলনা করলে।
(3) Superlative Degree—দুই-এর বেশীর মধ্যে তুলনা করলে।

(1) Positive Degree—এর ব্যবহারের কৌশল ঃ

দুধের মত সাদা—as white as milk.
সিংহের মত বলবান—as strong as lion.
লোহার মত শক্ত—as hard as iron.
রক্তের মত লাল—as red as blood

(2) Comparative Degree—এর ব্যবহারের কৌশল ঃ

দুধের চেয়ে সাদা—whiter than milk.
সিংহের চেয়ে বলবান—stronger than lion.
লোহার চেয়ে শক্ত—harder than iron.
রক্তের চেয়ে লাল—redder than blood.

(3) Superlative Degree—এর ব্যবহারের কৌশল ঃ

সবকিছুর চেয়ে সাদা—whitest of all.
সকলের চেয়ে বলবান—strongest of all.
সবকিছুর চেয়ে শক্ত—hardest of all.
সবকিছুর চেয়ে লাল—reddest of all.

Degree—এর ব্যবহার পদ্ধতি

Adjective :	Noun বা noun জাতীয় word-এর দোষ, গুণ, অবস্থা, সংখ্যা প্রভৃতি প্রকাশ করে।
Positive Degree :	Adjective-কে সাধারণভাবে প্রকাশ করে As + Adjective + as = Positive Degree.
Comparative Degree :	দুজন ব্যক্তি বা বস্তুর মধ্যে তুলনা করলে ব্যবহার করা হয়। Adjective-এর Comparative Degree + than + যার সঙ্গে তুলনা।
Superlative degree :	দুই-এর বেশীর মধ্যে তুলনা করলে ব্যবহার করা হয়। The + Adjective-এর Superlative Degree + of + যার সঙ্গে তুলনা।

ADVERB

Adverb-এর কাজ হ'লো Qualify করা বা বিশেষিত করা। ইংরাজী বাক্য গঠনের ক্ষেত্রে Verb-এর মত Adverb-এর গুরুত্ব অসীম। যে সমস্ত Adverb qualify বা বিশেষিত করে তার কিছু প্রয়োগ দেখানো হলো।

Time :

তুমি কখন আসবে? —When will you come?
আমি কতক্ষণ বসবো?—How long I stay?
আমি কত বার বলবো?—How often I say?
তারা সবসময় ব্যস্ত—They are always busy.
বাবা শীঘ্রই আসবেন—Father will come soon.

Place :

এখানে এস—Come here.
সে বিদেশে থাকে—He lives abroad.
ভিতরে যাও—Go in.

সামনে একটা বিদ্যালয় আছে—There is a school ahead.
সেখানে কেউ ছিল না—Nobody was there.
কেউ কি এখানে আছেন?—Anybody else here ?

Manner or Quality :

শাওন কাজটি সহজে করেছিল—Saon did the work easily.
তুমি সতর্কভাবে পড়—You read carefully.
প্রিয়াঙ্কা সঠিক উত্তর দেয়—Pryianka answers correctly.
তুমি আস্তে আস্তে কথা বলো—You talk slowly.

Person or Purpose :

তুমি ধনী তাই এমন কথা বলো—You are rich so you say so.
এই কারণে তিনি গ্রাম ছেড়ে গেলেন—Hence he left the village.
সেই কারণে সে তাড়াতাড়ি এল—He therefore came quickly.
সেই অনুসারে আমি পড়ি—I read accordingly.

Order :

প্রথমত তোমার সেখানে যাওয়া উচিত—Firstly you should go there.
দ্বিতীয়ত তার ফিরে আসা উচিত—Secondly he should return.
সে অবশেষে এসেছিল—He came lastly.
শেষ পর্যন্ত তিনি যুদ্ধ ঘোষণা করলেন—Lastly he declared the war.

Affirmation and Negation :

সত্যই তিনি মহান—He is truly great.
প্রকৃতপক্ষে সুদেবী বোকা নয়—Actually Sudevi is not a fool.
পঁচা নিশ্চিতরূপে চোর—Pancha is certainly a thief.
সম্ভবত নীলা আসবে না—Probably Neela will not come.
ভাল ছেলেরা সেখানে যায় না—Goodboys never go there.

CONJUNCTION
সংযোগ

Conjunction শব্দের অর্থ হলো সংযোগকারী। অর্থাৎ যে word-এর কাজই হলো একটাকে অন্যটার সাথে যোগ করা। এখন প্রশ্ন হচ্ছে কার সাথে কার যোগ? Conjunction সাধারণতঃ তিনরকম যোগ করার কাজ করে। যেমন—(1) **Word + Word** (2) **Sentence + Sentence** (3) **Word + Clause.**

List of Conjunctions : though, for, after, and, before, because, why, best, unless, than, that, if, where, as, when, till, until.

Word + Word

(1) সুপ্রিয়া ও নীলা যায়—**Supria** and **Neela** goes.
Noun + Noun

(2) আমি ও তুমি খেলি—**You** and **I** play.
Pronoun + Pronoun

(3) শাওন ও সে পড়ে—**Shaon** and he **reads**.
Noun + Pronoun

(4) সে সৎ কিন্তু ভীরু—He is **honest** but **coward**.
Adjective + Adjective

(5) মেয়েটি ধীরে মিষ্টি সুরে গান করে—The girl sings **Slowly** and **Sweetly**. Adverb+Adverb

Sentence + Sentence

(1) আমি স্কুলে যাই।—I go to school
আমি ভাল ছেলে।—I am a good boy.
আমি বিদ্যালয়ে যাই কারণ আমি ভাল ছেলে।—I go to school for I am a good boy.

(2) শিক্ষক মহাশয় বললেন।—The teacher says.
পৃথিবী গোলাকার।—The Earth is round.
শিক্ষক মহাশয় বললেন যে পৃথিবী গোল।—The teacher says that the Earth is round.

(3) তোমার ভাই স্কুলে আসে না।—Your brother does not come to school.
তোমার ভাই অসুস্থ।—Your brother is ill.
তোমার ভাই স্কুলে আসেনা কারণ তোমার ভাই অসুস্থ।—Your brother does not come to school because your brother is ill.

(4) ছেলেটি তোমাকে মানবে।—The boy will obey you.
তুমি তাকে একটা খেলনা দাও।—You give him a toy.
ছেলেটি তোমার কথা মানবে যদি তুমি তাকে একটা খেলনা দাও।—The boy will obey you if you give him a toy.

(5) সে অসৎ নয়।—He is not dishonest.

সে গরীব।—He is poor.
সে অসৎ নয় যদিও সে দরিদ্র।—He is not dishonest though he is poor.

(6) আমি তাকে জিজ্ঞাসা করলাম।—I asked him.
সে স্কুলে যায়নি।—He did not go to school.
আমি তাকে জিজ্ঞাসা করলাম কেন সে স্কুলে যায়নি।—I asked him why he did not go to school.

Word + Clause

(1) বেণু লম্বা।—Benu is tall.
শাওন আরো লম্বা।—Shaon is taller.
শাওন বেণুর চেয়ে লম্বা।—Shaon is taller than Benu (is).

(2) কেউ জানেনা।—Nobody knows.
সে বাস করে।—He lives
কেউ জানেনা সে কোথায় বাস করে।—Nobody knows where he lives.
মন দিয়ে পড়।—Read attentively.
তুমি ফেল করবে।—You will fail.
মন দিয়ে পড় নয়তো তুমি ফেল করবে।—Read attentively otherwise you will fail.

PARTS OF SPEECH

Speech কথাটির অর্থ ভাষণ। যেকোন বাক্যের শব্দ (word) থাকে। অর্থবোধক বাক্যের এই শব্দগুলিকেই Parts of Speech বা বাক্যের অংশ বলে। ইংরাজী বাক্যে মোট আট রকমের শব্দ বা word দেখা যায়।

(1) **Noun :** কোন কিছুর নামকে Noun বলে। যেমন—Benu, Rita, Table, Pen, etc.

(2) **Pronoun :** Noun-এর পরিবর্তে যেটি বসে—He, She, It, They.

(3) **Verb ক্রিয়া :** কাজ করে এমন শব্দ। All the action words are principal verb.

(i) Principal verb : Come, Go, Sleep etc.

(ii) Auxilary verb :

(a) be auxilary—am, is, are, was, were, shall, will.

(b) modal auxilary : can, could, may, might, should, would, must, ought, dare, need etc.

(4) **Adjective :** Noun-এর দোষ, গুন, সংখ্যা, পরিমাণ বোঝায়—good, bad, long, short etc.

(5) **Adverb :** Adjective quality বা দোষ গুণ বোঝায়। ভাল Adjective, খুব ভাল Adverb। আস্তে—Slow—Adjective—খুব আস্তে Slowly—Adverb.

(6) **Preposition :** যে সমস্ত শব্দ noun বা pronoun-কে তার অবস্থান বা যায়গার নির্দেশ দেয়। যেমন—উপরে—on, নীচে—under, পাশে—beside.

(7) **Conjunction :** যে সমস্ত শব্দসমূহ দুটি শব্দ বা বাক্যের সমন্বয় ঘটায়। যেমন,—and—এবং, or—অথবা, but—কিন্তু ইত্যাদি।

(8) **Interjection :** বিস্ময়সূচক শব্দসমূহ। Alas! Hurrah! oh! bravo! hush! fie! ইত্যাদি।

Introductory "It' & "There"

সময় বোঝাতে/কাল বোঝাতে/পরিস্থিতি বোঝাতে—

1. এখন সময় দশটা।—It is 10 o'clock.
2. এটা গ্রীষ্মকাল।—It is summer.
3. এটা শীতকাল।—It is winter.
4. এখন বর্ষাকাল।—It is rainy season.

আবহাওয়া বোঝাতে

5. এখন বর্ষা হচ্ছে।—It is raining.
6. এটা সূর্য্যকরোজ্জ্বল দিন।—It is sunny.
7. এখন তুষারপাত হচ্ছে।—It is snowing.

ঋতু বোঝাতে

8. এখন গরমকাল।—It is hot day.
9. এখন শীতকাল।—It is winter season.

স্রোত বোঝাতে

10. এখন জোয়ার।—It is high tide.
11. এখন ভাঁটা।—It is low tide.

দূরত্ব বোঝাতে

12. এটা ৩০ কি.মি.।—It is 30 Km.
13. এটা খুব দূর।—It is a long way.

বর্তমান সময় বোঝাতে

14. এখন যাওয়ার সময়।—It is time to go.
15. এখন যাত্রা করার সময়।—It is time to start.

অতীত সময় বোঝাতে

16. পাঁচ বছর আগে আমি তোমাকে দেখেছিলাম।—It is five years since, I saw you.
17. সাত বছর হয়ে গেল তুমি চলে গেছ।—It is seven years since you went.

গুণবাচক বাক্য

18. এটা ভাল।—It is good / nice.
19. এটা দেরী নয়।—It is little late.

নাবাচক বাচ্য

20. মিথ্যা বলা ভাল নয়।—It is not good to tell a lie.
21. এভাবে বোঝানো হয় না।—It is no use trying to explain.

অব্যক্তিগত আছে বোঝালে ঃ (Present)

There is / are - object + Rest

আমাদের গ্রামে অনেক শিক্ষিত মানুষ আছে।—There are many educated persons in our village.

আমাদের বাড়ীতে পাঁচজন লোক আছে।—There are five persons in our family.

একটি থাকলে—There is, একের বেশী থাকলে—There are.

অব্যক্তিগত ছিল = Past

আমাদের গ্রামে একটা বাগান ছিল।—There was a garden in our village.

এই দেশে রাম নামে এক রাজা ছিল।—There was a king named Ram in this country.

আগে এখানে একটা ঝিল ছিল।—There was a large pond here.

Feel-এর ব্যবহার

পাথর খুব শক্ত।—The stone feels very hard.

মেঝেটা অমসৃণ।—The floor feels rough.

শিরিষ কাগজ খসখসে।—The sand paper feels rough.

Taste-এর ব্যবহার

খাবারটি খুবই সুস্বাদু।—The food tastes very well.

কুইনাইন তেতো।—The quinine tastes bitter.

ঝোলটি খুবই ঝাল।—The curry tastes very hot.

কেক মিষ্টি লাগছে।—The cake tastes sweet.

NOTE : (এই জাতীয় বাক্য বাংলা ভাষায় যেভাবেই গঠিত হোক না কেন ইংরাজী রূপান্তরে সাধারণতঃ Present Indefinite Tense হয়।)

VOICE CHANGE

বাংলা ভাষার মত ইংরাজী ভাষার ক্ষেত্রে ভাববাচ্যে বাক্য গঠনরীতি বহুল প্রচলিত। ইংরাজীতে একে Passive voice বলে।

Active voice-এ Subject বা কর্তা নিজে কাজটি সম্পূর্ণ করে। কিন্তু Passive voice-এ Subject বা কর্তা (doer) নিজে কাজ করে না। Doer না থাকলে Passive voice-এ বাক্য লিখতে হয়।

Passive voice করার নিয়ম ঃ

(i) Subject-কে Object করা হয়।

(ii) Object-কে Subject করতে হয়।

(iii) মূল Verb সবসময় Past Participle হয়।

(v) Subject-এর সবসময় be verb = am, is, are, was, were, shall be, will be ইত্যাদি Tense ও Person অনুযায়ী বসে। এবং Modal verb এর ক্ষেত্রে "be" নিজে বসে। যেমন—Should be, Could be, Can be, May be ইত্যাদি বসে।

Sub + be verb / modal verb + V.P.P. + Re

সে আমাকে একটি ফুল দেয়।

Active : He gives me a flower.

Passive : A flower is given to me by him.

OR : I am given a flower by him.

রীতা একটা চিঠি লেখে।

Active : Rita writes a letter.

ইংরাজী বাক্যে যখন Subject বা doer থাকেনা তখনি passive voice-এর ব্যবহার হয়। যেমন—বইটি কেনা হলো। এই বাক্যের মাধ্যমে জানা গেল না—কে বইটি কিনলো। ছাত্রদের ডাকা হচ্ছে। কে ডাকছে—বলা নেই। এই ধরনের বাক্যে কাজ কে করছে, যখন জানা যায় না তখন Object-কেই Subject করে Passive voice করা হয়। কাজটি কে করে সে জানা গেলে Passive voice করার নিয়ম থাকলেও না করা

ভাল। যেমন এখানে রীতা একটা চিঠি লেখে। কাজটি রীতা করছে যখন জানাই গেল তখন এর Passive Voice না করাই ভাল। শিখে রাখবার জন্য শিখে রাখা কিন্তু বাস্তবে প্রয়োগের দরকার নেই। মনে রাখতে হবে Doer না থাকলেই Passive voice-এর ব্যবহার শুরু হয়।

Object → Subject	Subject → Object
by me → I	I → by me
by him/her → He/She	We → by us
by them → They	They → by them
by us → we	He/She → by him/her

NOTE : এখানে বিশেষভাবে মনে রাখতে হবে যে, অকর্মক ক্রিয়া বা Intransative verb-এর Passive voice হয় না। Intransative verb (অকর্মক ক্রিয়া) = come, go, cry, laugh, sleep, play, rise ইত্যাদি। যে সমস্ত বাক্যে transative verb বা সকর্মক ক্রিয়া থাকে সেগুলিই Passive voice করা যায়। যেমন—give, take, get, kill, tell ইত্যাদি।

Present Indefinite Passive Voice

Sub + am / is / are + V. P. P. + Obj + R

এক গ্লাস জল নেওয়া হলো।—A glass of water is taken.

বাজার থেকে কিছু আম কেনা হলো।—Some mangoes are bought from the market.

মেধাবী ছাত্রদের বৃত্তি দেওয়া হয়।—Intelligent students are given scholarship.

সাহসীদের পুরস্কৃত করা হয়।—Braves are awarded.

Present Continuous Passive Voice

Sub + am / is / are - being + V. P. P. + Obj + R

আপনাদের জানানো হচ্ছে।—You are being informed.

স্কুল ম্যাগাজিন প্রকাশিত হচ্ছে।—School magazine is being published.

ভিখারীদের খাবার দেওয়া হচ্ছে।—The beggars are being given food.

Present Perfect Passive Voice

Sub + have been / has been + V. P. P. + Obj + R

ক্রিকেট ম্যাচের আয়োজন করা হয়েছে।—A cricket match has been arranged.

কবিতাটি 'গীতাঞ্জলি' থেকে নেওয়া হয়েছে।—The poem has been taken from "Gitangali".

Past Indefinite Passive Voice

Sub + was / were + V. P. P. + Obj + R

বেশ কয়েকজন আহত হয়েছিল।—Much more were injured.

কয়েকজনকে হাসপাতালে পাঠানো হয়েছিল।—Some were sent to hospital.

তাদেরকে চিকিৎসা করা হয়েছিল।—They were treated.

কয়েকজনকে প্রাথমিক চিকিৎসার পর ছাড়া হয়েছিল।—Some of them were released after first aid.

Past Continuous Passive Voice

Sub + was / were being + V. P. P. + Obj + R

লোকটাকে মারা হচ্ছিল।—The man was being beaten.

আপনাকে ডাকা হয়েছিল।—You were being called.

ছাত্রদের এই অঙ্কটি শেখানো হচ্ছিল।—Students were being taught this sum.

Future Indefinite Passive Voice

Sub + shall / will be + V. P. P. + Obj + R

আগামীকাল স্কুল ম্যাগাজিন প্রকাশিত হবে।—School magazine will be published tomorrow.

গরীবদের বস্ত্র দেওয়া হবে।—Poor will be given cloths.

রাহুলকে ভারতীয় দলে নেওয়া হবে।—Rahul will be taken in Indian team.

মেধাবী ছাত্রদের সাহায্য করা হবে।—Intellegent students will be helped.

NOTE : Passive voice-এ বাংলা বাক্যে বিভক্তির আগে ক্রিয়া বিভক্তি থাকবে।

যেমন—জানানো হয়েছিল। দেওয়া হয়েছিল। প্রকাশিত হবে ইত্যাদি।

ছড়ায় VOICE CHANGE

Voice Change করার সময়
আগে জেনে নাও।
বেশীর ভাগ বাক্য গুলো
বাদ দিয়ে দাও।
Intransitive-এর বাক্যগুলো
আগে বাদ যাবে।

Perfect continuous
সাথে বাদ দেবে।
Subject কে Object করো
Object Subject হয়,
Tense থেকে কিছু বাক্য
বাদ দিতে হয়।
Present perfect এর Third person
এই একটা মাত্র বাদে,
আর যত আছে তার
সবই বাদ যাবে।
Future continuous-এ
যতগুলি হয়,
তার সবগুলি কিন্তু
সাথে বাদ যায়।
এছাড়া আর যা বাদ দিতে হয়
Essential chart খানা দেখে নিতে হয়।
মূলে যে verb তার
Past Participle হবে,
Be verb am/is/are
সাথে দিতে হবে।
was/were/shall/will
যেখানে যেমন চায়,
বাক্যের গঠন মত
সাথে দিতে হয়।
Modal verb এর সাথে
তুমি Be বসিয়ে দেবে,
তা হলেই voice change
অবশ্যই হবে।
Person change এর নিয়মটা
এবার জেনে নাও,
তারপর তুমি একজন
শিক্ষক বনে যাও।

ESSENTIAL CHART FOR VOICE CHANGE

Table of the different formes of the verbs "To be" used in passive Voice

	PRESENT			PAST			FUTURE		
	First Person	Second Person	Third Person	First Person	Second Person	Third Person	First Person	Second Person	Third Person
Indefinite	am are	are —	is are	was were	were —	was were	shall be	will be	will be
Continuous	am being are being	are being — —	is being are being	was being were being	was being — —	was being — —	— — — —	— — — —	— — — —
Perfect	have been — —	have been — —	has been have been	had been — —	had been — —	had been — —	shall have been — —	will have been — —	will have been — —
Perfect Continuous	×	×	×	×	×	×	×	×	×

NOTE : Perfect Continuous Tense-এর Voice Change হয় না।

NARRATION / REPORT

ইংরাজী ভাষা ভালভাবে শিখতে গেলে যা যা শিখতে হয় Narration তারমধ্যে অন্যতম। Direct Speech বা প্রত্যক্ষ উক্তি এবং Indirect Speech বা পরোক্ষ উক্তি। বক্তার বক্তব্য পরে বর্ণনা করতে narration change-এর indirect speech শিখতে হয়। বক্তার বক্তব্য প্রধানতঃ তিনভাবে প্রকাশ পায়।

(I) বর্ণনামূলক

(II) কার্যবোধক

(III) প্রশ্নবোধক

(I) বর্ণনামূলক = Sentence + that + Sentence

প্রথম sentence-টি /বক্তা যাকে বলে* (Reporting Speech)। দ্বিতীয়টি /বক্তা যে কথা বলে* (Reported Speech)।

Direct : Raju says, "I am weak."

Indirect : Raju says that he is weak.

এখানে Direct Speech-এ "Raju says"—এই কথাগুলি Reporting Speech এবং "I am weak"—এই কথাগুলি Reported Speech.

(II) কার্যবোধক = Sentence + to + Verb + Remaining

প্রথম sentence-টি /যে যাকে বলে*। এবং এখানে Remaining বলতে বাক্যের বাকী অংশ বোঝাচ্ছে।

(III) প্রশ্নবোধক = Sentence + who + Sentence

or, অথবা

Sentence + if + Sentence + wh-word না থাকলে।

"Wh' types of words = Who, What, Where, When, Which, Whom, How ইত্যাদি এবং "wh" word না থাকলে If বা whether বসাতে হয়।

Grammar বা ব্যাকরণ কথাটা শুনেই আমাদের মনে প্রথম যে প্রতিক্রিয়া কাজ করে তা' হলো, এগুলি বুঝি খুবই কঠিন ও জটিল। প্রারম্ভেই যদি মনটা বিগড়ে যায় তাহলে পুরো ব্যাপারটা যত জটিল তার চাইতেও জটিল হয়ে পড়ে। অথচ বাচ্চাদের সবুজ মনে ছন্দোবদ্ধ কবিতা সবসময়ই আকর্ষণীয়। এই কারণে অতি জটিল ব্যাপারও কবিতার মাধ্যমে খুবই সহজে মনে রাখা

সম্ভব। এই কথা মাথায় রেখে Narration-এর উক্তি পরিবর্তনের পুরো ব্যাপারটা একটা ছড়ার মাধ্যমে উপস্থাপন করা হলো।

Narration-এর ছড়া

Narration Change করার সময়
মনে রাখতে হবে।
Reporting Verb এবং **Reported Speech**
জেনে নিতে হবে।
Direct Speech-এ **Coma,** থাকে
"Inverted Coma"-র আগে
Indirect-এ মুছে দিয়ে
That বসানো লাগে।
Past tense-এ ক্রিয়া যখন প্রত্যক্ষ উক্তি
পরোক্ষেও **Past** হয়, জানুন নিশ্চিতি
এই নিয়মের কারণে **has** হবে **had**
bid হয় **bade,** এবং **forbid forbade**
Can অতীতে **could** হয়, **shall** হয় **should**
may অতীতে **might** হয়, **will** হয় **would**
am - is থাকলে **was** হবে, **are** থাকলে **were**
Universal truth হলে এ নিয়মে ছাড়।
here থাকলে **there** হবে **now** থাকলে **then**
this থাকলে **that** হবে, কভু না ভুলবেন।
সম্পর্কটা বুঝতে হবে; আমি-তুমি ও সে
বোঝা যদি ঠিক হয় বদলাবেন নিমেষে।
পরোক্ষে /কোটেশন মার্ক* দেওয়া উচিত নয়
এই কথাটা যেন কভু ভুল না হয়।
বাক্যে যদি প্রশ্ন থাকে, **that** তুলতে হবে,
সেই স্থানে **if** অথবা **whether** দিতে হবে।
who, what, why, when যখন দেখা যাবে
Whether, if, that সবই বাদ যাবে।
বাক্য যদি আদেশ করে **Verb "to"** চায়
Order, ask বা **tell** সেথায় মানায়।

Verb-এর পরিবর্তন পদ্ধতি

DIRECT → INDIRECT	DIRECT → INDIRECT
am, is, are → was, were	go → went
have, has → had	went → had gone
was, were → had been	do → did
shall, will → should, would	can not → could not
can, may → could, might	must, should → must, should
do not go → did not go	did not go → had not gone

Adverb-এর পরিবর্তন পদ্ধতি

DIRECT → INDIRECT	DIRECT → INDIRECT
now → then	hence → thence
it → that	today → that day
this → that	to night → that night
these → those	yesterday → the previous day
here → there	tomorrow → the following day
ago → before	thus → so

অর্থ অনুযায়ী Subject ও Object Pronoun-এর পরিবর্তন

SUBJECT	OBJECT
I → he / she	you → him / her
you → he / she / I	me → him / her
They → They	us → them
He / She → he / she	him / her → him / her
We → they	them → them

NOTE : অর্থ অনুযায়ী Indirect Speech-এর Verb গুলি—Said, told, ordered, requested, asked, advised, suggested, prayed, wished, proposed, exclaimed, with joy / sorrow ইত্যাদি হয়।

Example :

বর্ণনামূলক Sentence + that + Sentence

Direct : He says "I am weak.

Indirect : He says that he is weak.

Direct : Ram will say Rahim, "I shall stand first".
Indirect : Ram will say Rahim that he will stand first.
Direct : They said to him, "We have seen this".
Indirect : They **told** him **that they had** seen **that.**

. কার্যমূলক Sentence + to + Verb + Rest

Direct : The teacher said to the student, "Do not make a noise".
Indirect : The teacher ordered the student not to make a noise.
Direct : He said to me. "Read loudly".
Indirect : He told me to read loudly.

প্রশ্নবোধক : Sentence + wh + Sentence

Direct : Tutul said to Shaon, "Who are you" ?
Indirect : Tutul asked Shaon who he was.
Direct : Teacher said to me, "Why are you so late" ?
Indirect : Teacher asked me why I was so late.

প্রশ্নবোধক Sentence + if + Sentence

Direct : Sudevi said to Priyanka, "Are not you reading"?
Indirect : Sudevi asked Priyanka if she was not reading?
Direct : Sukhendu said to Neela, "Do you not go to Barasat today."
Indirect : Sukhendu asked Neela if she did not go to Barasat that day.

প্রস্তাব দিলে (Let থাকলে) : Sentence+that+ Sentence

Direct : He said, "Let me do the sum."
Indirect : He proposed that he might do the sum.
Direct : Let us go to play ground, "Boys said".
Indirect : Boys proposed that they should go to play ground.

প্রার্থনা বোঝালে Sentence + that + Sentence

Direct : The old man said, "May God bless you."
Indirect : The old man prayed that God might bless him.
Direct : "May you long live" Grandfather said
Indirect : Grandfather wished that I might live long.

আবেগ বোঝালে : Sentence + that + Sentence

Direct : The student cried, "Hurrah ! We have won the match".
Indirect : The student exclaimed with joy that they had won the match.

ইচ্ছা প্রকাশ করলে : Sentence + to + Verb + R

Direct : "Had I wings of bird", The King said.
Indirect : The King expressed his strong desire to have wings of a bird.
Direct : "If I had money", The boy said.
Indirect : The boy expressed his desire to have money.

MODAL AUXILIARY

Can, could, would, should, need, ought to, must, dare ইত্যাদি Auxiliary Verb গুলিকে **Modal Auxiliary Verb** বলে।

Affirmative Sentence : যেতে পারে, বলতে পারে, করতে পারে, আঁকতে পারে ইত্যাদি can বা ability বোঝায়।

(Sub + can + Verb + Obj + Rest)

শাওন ছবি আঁকতে পারে।—Shaon can draw picture.
অনন্যা ভাল রান্না করতে পারে।—Ananya can cook well.
আনন্দ ভাল সাঁতার কাটতে পারে।—Ananda can swim well.

NOTE : Can-এর পরিবর্তে ক্ষেত্র বিশেষে able to ব্যবহৃত হয়। যেমন—

ইমিতা গাড়ী চালাতে পারে।—Imita is able to drive car.
আমি তোমাকে শেখাতে পারি।—I am able to teach you.

Passive-এ ব্যবহার :

Doer অর্থাৎ কাজটা কে করে জানা না গেলে Passive Voice-এ করতে হয়।

(Sub + can be + V. P. P. + Obj + Rest)

ছবিটা আঁকা যেতে পারে।—The picture can be drawn.
টাকাটা এখন দেয়া যেতে পারে।—The money can be given now.
পরীক্ষার ফল বের হতে পারে।—The result may be published.

NOTE : ability বা যোগ্যতার ক্ষেত্রে can be এবং সম্ভাবনা আছে এমন ক্ষেত্রে may be হবে।

(Sub + Can not + Verb + Obj + Rest)

Negative Sentence : তে পারে না

শেফালী গাইতে পারে না।—Shefaly can not sing

প্রিয়াঙ্কা রান্না করতে পারে না।—Priyanka can not cook.

May = অনুমতি লাগে এমন ক্ষেত্রেই সাধারণতঃ **May** ব্যবহৃত হয়। সাধারণতঃ এই জাতীয় বাক্য প্রশ্নবোধক হয়।

আমি কি ভিতরে আসতে পারি?—May I come in ?

আমি কি এখন যেতে পারি?—May I go now ?

আমি কি সাহায্য করতে পারি?—May I help you ?

Negative—তে পারে না।

(Sub + can not be + V. P. P. + Obj)

টাকাটা দেওয়া যেতে পারে না।—The money can not be given.

বইটা তোমাকে দেওয়া যেতে পারে না।—The book can not be given to you.

ম্যাচটা জেতা যায় না।—The match can not be won.

কাজটি যদি অতীত দক্ষতা বা Capacity বোঝায়

(Sub + could + Verb + Obj)

তুমি ভাল গাইতে পারতে।—You could sing well.

সে ছোটবেলায় ভাল দৌড়তে পারতো।—He could run well in his childhood.

Passive-এর ব্যবহার

(Sub + could be + V. P. P. + Rest)

ছবিটা আঁকতে পারতো।—The picture could be drawn.

অনুষ্ঠানে রবীন্দ্রসংগীত গাওয়া যেত।—Rabindra Sangeet might be sung in the function.

কাজটা করা যেত।—The work might be done.

NOTE : দক্ষতা ছিল—Could be, সম্ভাবনা ছিল—might be ব্যবহার করতে হয়।

আমি গতকাল যেতে পারতাম (যাইনি)—I could have gone yesterday.

আমরা খেলাটা জিততে পারতাম (জিতিনি)।—We could have won the match.

তুমি গতকাল আসতে পারতে (আসনি)।—You could have come yesterday.

NOTE : Could have-এর যায়গায় might have-ব্যবহার করা যায়।

Passive ব্যবহার

(Sub + could have been + V. P. P. + Rest)

টাকাটা দেওয়া যেত (দেয়নি)।—The money could have been given.

বইটা পড়া যেত (পড়েনি)।—The book could have been read.

আমাকে ডাকা যেত (ডাকেনি)—I could have been called.

NOTE : Could have been-এর বদলে might have been ব্যবহার করা যায়।

কাজটি করে থাকবে বোঝালে—

(Sub + may have + V. P. P. + Obj + R)

সে স্কুলে গিয়ে থাকবে।—He may have gone to School

সে ট্রেন মিস করে থাকবে।—She may have missed the train.

***Passive*-এর ব্যবহার ঃ**

আপনারা বইটি আগে কিনে থাকবেন (active)—You may have bought this book before.

Passive : This book may have been bought by you before.

Passive ব্যবহার—তে পারে

(Sub + may have been + V. P. P + Rest)

বইটি আগে পড়া থাকতে পারে।—The book may have been read before.

বাকী টাকাটা দেওয়া যেতে পারে।—The due money may have been paid.

কোন কাজ করতাম বা করতে (short period)

(Sub + would + Verb + obj + R)

সে ঘটনাটা জানতো।—He would know the matter.

তিনি মাঝে মাঝে এখানে আসতেন।—He would come here now and then.

Passive ব্যবহার :

(Sub + would be + V. P. P. + R)

যদি ঘটনাটা জানা যেত।—If the matter would be known.

আমাকে যদি জানাতো।—If I would be informed.

নেওয়া হতো, দেওয়া হতো, উপস্থিত হতো এই ক্ষেত্রে :

(Sub + would have been + V. P. P. + R)

ছাত্ররা উপকৃত হতো।—Students would have been benefited.

আমাকে যদি নেওয়া হতো।—If I would have been taken.

অতীত অভ্যাস বোঝালে :

(Sub + used to + verb + Obj + R)

আর্য্যরা দুধ ও মধু পান করতেন।—The Arya used to drink milk and honey.

আমি রোজ ব্যায়াম করতাম।—I used to exercise daily.

গান্ধীজী রোজ সকালে হাঁটতেন।—Gandhiji used to walk everyday morning.

বিদ্যাসাগর ল্যাম্পপোস্টের আলোয় বই পড়তেন।—Vidyasagar used to read book at lamp post light.

o Negative Sentence (পারেনি, করিনি)

(Sub + could not + Verb + obj + R)

আমি যেতে পারিনি।—I could not go.

ভারত জিততে পারেনি।—India could not win.

সে তাকে ভুলতে পারেনি।—He could not forget her.

Inerrogative Sentence-এর ব্যবহার :

(Wh + could + Sub + Verb + R)

ভারত কেন জিততে পারেনি?—Why could not india win ?

সে কি আসতে পারেনি?—Could he not come ?

তুমি কি আঁকতে পারতে?—Could you draw ?

INFINITIVE

● *Present Infinitive*— যতে হয়, খেলতে হয়, পড়তে হয় ঃ

Sub + am / is / are + to + Verb + obj + Remaining

ছাত্রদের রোজ স্কুলে যেতে হয়—Students are to go to school daily

মাকে রোজ রান্না করতে হয়—Mother is to cook daily.

● *Infinitive Passive*—পাঠাতে হয়, পেতে হয়, বোঝাতে হয় ঃ

Sub + am / is / are + to be + V. P. P. + Obj + Rest

ছাত্রদের বোঝাতে হয়—Students are to be explained.

গরীবদের সাহায্য করতে হয়—Poors are to be helped.

হত্যাকারীকে শাস্তি পেতে হয়—Murderer is to be punished.

NOTE : এখানে কর্তা কাজ করে না। কর্তার হয়ে কেউ কাজ করিয়ে নেয়।

● *Past Infinitive*—তে হয়েছিল ঃ

Sub + had to + Verb + obj + Re

শ্রীমতীকে স্কুলে যেতে হয়েছিল—Sreematy had to go to school.

আমাকে বই পড়তে হয়েছিল—I had to read book.

● *Past Infinitive (Passive)*—তে হয়েছিল ঃ

